

606/2
AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেবেবাংলা নগর, ঢাকা- ১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১০৭.০১১.০০.০০.০০৮.২০১০(অংশ-১)/২০১

তারিখঃ ৩০/০৩/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা” পদে নিয়োগের জন্য প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষার সময়সূচী, আসন ব্যবস্থা ও নির্দেশাবলী।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা” পদে নিয়োগের জন্য আবেদনকারী প্রার্থীদের বাছাই পরীক্ষা আগামী ২২/০৪/২০১৬ খ্রিঃ শুক্রবার সকাল-১০.০০ টায় নিম্নোক্ত কেন্দ্র সমূহে নির্ধারিত আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

ক্রমিক নং	কেন্দ্রের নাম	রেজিঃ নম্বর	প্রার্থী সংখ্যা
১	মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয় মতিঝিল, ঢাকা-১০০০।	০০০০০১-০০১২০০	১২০০ জন
২	আদর্শ উচ্চ বিদ্যালয় মিরপুর-১০, গোল চত্তর, কাফরুল, ঢাকা-১২১৬।	০০১২০১-০০২৪০০	১২০০ জন
৩	সরকারি মাদ্রাসা-ই-আলীয়া বকশী বাজার, ঢাকা-১২১১।	০০২৪০১-০০৩৮০০	১৪০০ জন
৪	খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয় খিলগাঁও, ঢাকা-১২১৯।	০০৩৮০১-০০৫০০০	১২০০ জন
৫	খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ খিলগাঁও, ঢাকা-১২১৯।	০০৫০০১-০০৬২০০	১২০০ জন
৬	ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয় ৩, রাশেদ খান মেনন সড়ক (নিউ ইফটান রোড) মগবাজার, ঢাকা-১০০০।	০০৬২০১-০০৭২০০	১০০০ জন
৭	সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজ ২৫, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক (১১৮ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড), মগবাজার, ঢাকা-১২১৭।	০০৭২০১-০০৯২০০	২০০০ জন
৮	সরকারি তিতুমীর কলেজ মহাখালী, ঢাকা।	০০৯২০১-০১১৭০০	২৫০০ জন
৯	গভঃ ল্যাবরেটরী হাই স্কুল ধানমন্ডি, ঢাকা-১২০৫।	০১১৭০১-০১৩২০০	১৫০০ জন
১০	মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।	০১৩২০১-০১৪৬০০	১৪০০ জন
১১	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাং স্কুল এন্ড কলেজ প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা-১২১৬।	০১৪৬০১-০১৬১৮১	১৫০০ জন
১২	মিরপুর গার্লস আইডিয়াল ল্যাং ইন্সটিটিউট (বিশ্ববিদ্যালয় কলেজ) সেকশন-১০, মিরপুর-১০, ঢাকা-১২১৬।	০১৬১৮৫-৪০১৯২০	৪০৭৬ জন
১৩	সরকারি বাঙলা কলেজ মিরপুর-১, ঢাকা-১২১৬।	৪০১৯৩২-৭০১৯৯১	২৪০০ জন

মোট=২২৫৭৬

সময়সূচী ও নির্দেশাবলী

পরীক্ষার তারিখ	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
২২/০৪/২০১৬ খ্রিঃ তারিখ (শুক্রবার)	সকাল-৯:২০ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল-৯:৩০মিঃ	পরীক্ষার্থীগণকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
	সকাল ১০:০০টা	প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র প্রাপ্তির পর এই মর্মে নিশ্চিত হবেন যে, তাকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তিনি সেই সেট নম্বরের প্রশ্নপত্র পেয়েছেন।
	সকাল ১১:০০টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

ক্রমশ/২

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- ১) “সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা” পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট(www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েব সাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- ২) প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- ৩) ওয়েব সাইটে এবং প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী যথাযথ ভাবে পালন করতে হবে।
- ৪) সকাল-৯.৪৫ মিনিটের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- ৫) পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না অথবা প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৭) পরীক্ষার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর /ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
- ৮) পরীক্ষার্থীদের ১০০ নম্বরের MCQ ধরনের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১(এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫(শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
- ৯) বিজ্ঞপ্তিটি (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

* পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

* চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)।

৩০.৩.২০১৬